# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

রেজিস্ট্রার দপ্তর
https://hau.ac.bd
registraroffice@hau.ac.bd
+8802996605101

## আবেদনকারী প্রার্থীদের জন্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলীঃ

**সাধারণ নিয়মাবলীঃ**

১. আগ্রহী প্রার্থীদের আগামী ১৬ নভেম্বর ২০২৫ তারিখ অফিস সময়ের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.hau.ac.bd এ আপলোডকৃত নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

২. প্রার্থীকে রেজিস্ট্রার, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ শিরোনামে জনতা ব্যাংক পিএলসি, হবিগঞ্জ কর্পোরেট শাখা, হবিগঞ্জ এর অনুকূলে (জনতা) ব্যাংকের যে কোন শাখা হতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-০৯ থেকে তদুর্ধ্ব পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

৩. আবেদনপত্র ডাউনলোড এবং প্রিন্ট করে প্রার্থীকে আবেদনপত্রের সাথে (ক) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য), (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বর পত্র, প্রয়োজনীয় প্রকাশনা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সকল সনদপত্র ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি সেটের সাথে একটি করে), (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং (ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করে নিয়োগ বিজ্ঞপ্তির প্রতিটি পদের প্রার্থীদেরকে ০৫ (পাঁচ) সেট পৃথক আবেদন একটি খামের ভিতর রেজিস্ট্রার, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়, (অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০), হবিগঞ্জ এর অনুকূলে সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। প্রার্থীত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, চাহিত আবেদন সেটের মধ্যে একটি সেট সত্যায়িত হতে হবে এবং বাকি চারটি সেট সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।

৪. আবেদনপত্র (সরাসরি/ডাক যোগে/কুরিয়ার) আগামী ১৬-১১-২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।

৫. শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত “পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা” অনুসরণ করা হবে।

৬. আবেদনের সর্বশেষ তারিখ অর্থাৎ ১৬-১১-২০২৫ তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ বৎসর হইতে হইবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

৭. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে অর্থাৎ পরীক্ষায় ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালীন আবেদন গ্রহণযোগ্য হইবে না।

৮. একাডেমিক ট্রান্সক্রিপ্টে উল্লেখ না থাকলে শ্রেণীতে প্রাপ্ত সর্বোচ্চ সিজিপিএ এবং শ্রেণীতে তাহার মেধাক্রম ও সংশ্লিষ্ট শ্রেণীর সর্বমোট শিক্ষার্থী সংখ্যা উল্লেখপূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক হতে সনদ প্রদান করতে হবে।

৯. কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরীকাল পূর্ববর্তী প্রতিষ্ঠানের শিক্ষক হিসেবে চাকুরীর পূর্ণ সময়কাল বিবেচনা করা হইবে। যাহা কোয়ালিফাইং চাকুরির মেয়াদের অন্তর্ভুক্ত বলিয়াও গণ্য হইবে।

১০. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যাইতে পারে।

১১. বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১২. সকল পদে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত হিসাবে কম্পিউটার পরিচালনার বিষয়ে দক্ষতা/অভিজ্ঞতা বাধ্যতামূলক।

১৩. চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৪. নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর ফলাফল, ডিগ্রি অর্জনের প্রতিষ্ঠানের Times Higher Education (THE) এর র‍্যাংকিং, ইমপ্যাক্ট ফ্যাক্টর/ইনডেক্সড জার্নালে প্রকাশিত গবেষণা পত্রের কোয়ার্টাইল (Q1-Q4) এবং লেখকের ক্রম বিবেচনায় নেওয়া হবে।

১৫. ভেটেরিনারি অনুষদের বিভাগসমূহের প্রার্থীদেরকে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল এর রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান হতে হবে।

১৬. আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১৭. নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১৮. আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৯. সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী যাবতীয় কোটা সংরক্ষণ করা হবে। এক্ষেত্রে সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

২০. ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২১. নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২২. কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলসহ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩. প্রস্তাবিত বিষয়সমূহের বহির্ভূত কোনো বিষয়ের উদ্ভব হলে কিংবা কোনো সংশোধনের প্রয়োজন হলে সেক্ষেত্রে উপাচার্য এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

প্রভাষক নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | অনুষদ | বিভাগ | সেকশন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ |
|---|---|---|---|---|
| প্রভাষক ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | প্রাণী চিকিৎসা ও প্রাণিসম্পদ বিজ্ঞান অনুষদ | প্যারাক্লিনিক্যাল সায়েন্সেস | প্যাথলজি | ১. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি বি.এসসি. ভেট সায়েন্স অ্যান্ড এনিমেল হাজব্যান্ড্রী/ডিভিএম এবং এমএস ইন প্যাথলজি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>২. ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি বি.এসসি. ভেট সায়েন্স অ্যান্ড এনিমেল হাজব্যান্ড্রী/ডিভিএম পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।<br>৩. আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। |
| | | | ফার্মাকোলজি | ১. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি বি.এসসি. ভেট সায়েন্স অ্যান্ড এনিমেল হাজব্যান্ড্রী/ডিভিএম এবং এমএস ইন ফার্মাকোলজি উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>২. ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি বি.এসসি. ভেট সায়েন্স অ্যান্ড এনিমেল হাজব্যান্ড্রী/ডিভিএম পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।<br>৩. আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। |

Badul.

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | অনুষদ | বিভাগ | সেকশন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ |
|---|---|---|---|---|
| | বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদ | ডেটা সায়েন্স অ্যান্ড মডেলিং | স্পেইশিয়াল ইনফরমেটিক্স | ১. সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে ০৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. কম্পিউটেশনাল বায়োলজি/বি.এসসি. জিওগ্রাফি অ্যান্ড এনভায়রনমেন্ট এবং এমএস ইন জিআইএস ও রিমোট সেনসিং/এম.এসসি. ইন জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম/ এম.এসসি. ইন রিমোট সেনসিং/এম.এসসি. ইন জিওগ্রাফি অ্যান্ড এনভায়রনমেন্ট ডিগ্রি থাকতে হবে।<br>২. প্রার্থীদেরকে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। |
| | | এ্যালাইড সায়েন্সেস | এগ্রিকালচারাল মেকানাইজেশন | ১. ০৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি এবং এমএস ইন ফার্ম পাওয়ার অ্যান্ড মেশিনারি ডিগ্রি থাকতে হবে।<br>২. প্রার্থীদেরকে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।<br>৩. আবেদনের শেষ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বৎসর। |

মাননীয় উপাচার্যের নির্দেশক্রমে

Badrul
২৭/১০/২০২৫

মোঃ বদরুল আমিন

ডেপুটি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়